অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

হিস্প্যানিক ঐতিহ্যের মাস উদযাপন করার জন্য গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটে হিস্প্যানিক মালিকানাধীন ব্যবসার জন্য MWBE প্রত্যয়নের প্রচার করতে "রেসপুয়েস্টা র্যাপিডা" উদ্যোগের সূচনা করলেন

স্টেটব্যাপী উদ্যোক্তা সহায়তা কেন্দ্র, ক্ষুদ্র ব্যবসা বিকাশ কেন্দ্র, এবং এম্পায়ার APEX অ্যাক্সেলিরেটরের নেটওয়ার্ক হিস্প্যানিক মালিকানাধীন ব্যবসাসমূহকে MWBE প্রত্যয়ন অর্জনে সাহায্য করবে

16 সেপ্টেম্বর থেকে 31 অক্টোবর পর্যন্ত প্রত্যয়ন প্রক্রিয়ার জন্য অতিরিক্ত সমর্থন উপলভ্য থাকবে

অংশগ্রহণকারীরা সর্বনিম্ন 90 দিনের মধ্যে প্রত্যয়নের নির্ণয় লাভ করতে পারবে

সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসাসমূহের ক্ষমতায়নে গভর্নরের অব্যাহত প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে "রেসপুয়েস্টা র্যাপিডা (Respuesta Rápida)" (দ্রুত সাড়াদান) এর সূচনা করেন, এটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) নেতৃত্বে একটি স্টেটব্যাপী উদ্যোগ যা হিস্প্যানিক মালিকানাধীন ব্যবসাসমূহের মধ্যে সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (Minority and Women-Owned Business Enterprise, MWBE) প্রত্যয়ন বৃদ্ধি করবে। 16 সেপ্টেম্বর থেকে 31 অক্টোবর, 2024 পর্যন্ত চলমান উদ্যোগটি হিস্প্যানিক উদ্যোক্তাদের উদ্যোক্তা সহায়তা কেন্দ্র (Entrepreneurial Assistance Centers, EACs), ক্ষুদ্র ব্যবসা বিকাশ কেন্দ্র (Small Business Development Centers, SBDCs), এবং এম্পায়ার অগ্রসর পেশাদার নির্বাহী (Advanced Professional Executive, APEX) অ্যাক্সেলিরেটরের সাথে সংযুক্ত করে দিবে। এই অংশীদারগণ বিনামূল্যে MWBE প্রত্যয়ন আবেদন সম্পর্কে কারিগরি সহায়তা প্রদান করে, সম্ভাব্য দ্রুততর নির্ণয়ের জন্য প্রক্রিয়াকে সরলীকৃত করে। আবেদনকারীরা তাদের সবথেকে নিকটবর্তী EAC এর অবস্থান এখান থেকে, SBDC এর অবস্থান এখান থেকে, এবং এম্পায়ার APEX এর অবস্থান এখান থেকে খুঁজে নিতে পারবে। হিস্প্যানিক ঐতিহ্যের মাসে (Hispanic Heritage Month) শুরু হলেও এই প্রত্যয়ন সকল MWBE এর জন্য উপলভ্য আছে, যা পুরো নিউ ইয়র্ক স্টেটে বৈচিত্র্য উদযাপন করছে। ভবিষ্যতে বৈচিত্র্যের উদযাপন করার জন্য অতিরিক্ত সমর্থন উদ্যোগ শুরু করা হবে।

"হিস্প্যানিক ঐতিহ্যের মাস চলাকালে 'রেসপুয়েস্টা র্যাপিডা' শুরু করতে পেরে আমরা গর্বিত, এটি এমন একটি উদ্যোগ যা হিস্প্যানিক এবং সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসাসমূহের জন্য প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলতে এবং সুযোগ সৃষ্টির জন্য তৈরি করা হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "MWBE প্রত্যয়ন প্রক্রিয়া সরলীকৃত করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে সকল ব্যাকগ্রাউন্ডের উদ্যোক্তাদের কাছে সমৃদ্ধি করার এবং নিউ ইয়র্কের অর্থনীতিতে প্রবৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম থাকে।"

প্রধান বৈচিত্র্য কর্মকর্তা জুলিসা গুটিয়েরেজ বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক অন্তর্ভুক্তিকর অর্থনৈতিক বিকাশের জন্য একটি নতুন মানদণ্ড স্থির করছে। 'রেসপুয়েস্টা র্যাপিডা' উদ্যোগটি শুধু বৈচিত্র্য উদযাপন নয় বরং সক্রিয়ভাবে এর ক্ষমতায়নে আমাদের প্রতিশ্রুতিকে প্রদর্শন করে। ল্যাটিনোরা জাতীয় হারের দ্বিগুণের বেশি হারে ব্যবসা তৈরি করে তা উপলব্ধি করে এই প্রয়াসটি অতি গুরুত্বপূর্ণ MWBE প্রত্যয়ন প্রক্রিয়াকে সরলীকৃত করে, হিস্প্যানিক উদ্যোক্তা এবং সকল সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসার জন্য দুয়ার উন্মোচন ওরে দেয়। এই উদ্যোগের মাধ্যমে, এবং বিশ্বস্ত সম্প্রদায়ের অংশীদারদের সাথে সহযোগিতামূলক কাজ করে আমরা প্রতিবন্ধকতা অপসারণ করছি এবং সাফল্যের পথ তৈরি করছি, আমাদের পুরো স্টেটে উদ্ভাবন এবং সমৃদ্ধিকে চালনা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "আরো অন্তর্ভুক্তিকর অর্থনীতি গঠনের জন্য আমাদের লক্ষ্যকে অগ্রসর করতে রেসপুয়েস্টা র্যাপিডা একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। EAC, SBDC, এবং এম্পায়ার APEX এর সাথে অংশীদারিত্ব করে আমরা MWBE দেরকে বিনামূল্যে, বাস্তব সমর্থন প্রদান করছি যা কার্যকরভাবে প্রত্যয়ন প্রক্রিয়া সম্পন্ন করতে তাদের প্রয়োজন। এই উদ্যোগটি শুধু প্রত্যয়নকে সরলীকৃত করে না বরং এছাড়াও হিস্প্যানিক এবং সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসাসমূহ সমৃদ্ধি করতে পারবে এবং নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রাণশক্তিতে উল্লেখযোগ্য অবদান রাখতে পারবে এমন একটি ব্যবসায়িক পরিবেশ সৃষ্টি করে।"

উদ্যোগটির উদ্দেশ্য হলো প্রত্যয়নের নির্ণয়কে ত্বরান্বিত করা, এবং যোগ্য অংশগ্রহণকারীদের জন্য সর্বনিম্ন 90 দিনের মধ্যে সিদ্ধান্ত লাভ করা সম্ভব হবে। MWBE প্রত্যয়ন শুধু স্টেটের সাথে চুক্তির সুযোগের দুয়ার উন্মোচন করে দেয় না, বরং এছাড়াও এটি আরো দ্রুত এইসব সুযোগ পাওয়া সম্ভব করে, ব্যবসাসমূহের বিকাশ ও সমৃদ্ধিতে সাহায্য করে। MWBE প্রত্যয়নের জন্য সকল ব্যবসাকে অবশ্যই নির্বাহী আইনেই (Executive Law) আর্টিকেল 15-A এবং টাইটেল 5 এ রূপরেখা প্রদান করা মানদণ্ড পূরণ করতে হবে। নিউ ইয়র্ক স্টেটের MWBE কর্মসূচি সম্পর্কে আরো জানুন এখানে।

নিউ ইয়র্কের MWBE এর জন্য গভর্নর হোকলের সমর্থন

নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসার ক্ষমতায়ন এবং স্থানীয় অর্থনীতিকে বলীয়ান করার ব্যাপারে গভর্নর হোকলের চলমান প্রতিশ্রুতিকে এই উদ্যোগটি আরো জোরদার করে। মে মাসে ক্ষুদ্র ব্যবসা মাস চলাকালে, গভর্নর ঘোষণা করেন যে MWBE প্রোটিনের আবেদনের সাড়াদানের সময়কে 90-120 দিনে হ্রাস করার লক্ষ্য নিউ ইয়র্ক শুধু পূরণ করেনি, বরং অতিক্রম করেছে। 1 আগস্ট, 2023 তারিখ থেকে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সফলভাবে 2,960টির বেশি ব্যবসার প্রত্যয়ন ও পুনর্প্রত্যয়ন করেছে। এই অগ্রগতি হলো MWBE এর প্রতি গভর্নর হোকলের বলিষ্ঠ সমর্থনের

অনুবর্তী, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্কের দীর্ঘদিনের MWBE প্রত্যয়ন ব্যাকলগ অপসারণ করার ল্যান্ডমার্ক অর্জন যা অর্থবছর 2023 এর বাজেটের একটি 11 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ দ্বারা সম্ভব হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন